

ার্ট্র নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (১২২) হাদীছ শরীফে দাঁড়িপাল্লা স্থাপনের দলীল কি? আমল মাপার পদ্ধতি বর্ণনা করুন

উত্তরঃ এ ব্যাপারে অনেক হাদীছ রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

إِنَّ اللَّهَ سَيُخَلِّصُ رَجُلًا مِنْ أُمَّتِي عَلَى رُءُوسِ الْخَلَائِقِ يَوْمَ الْقَيَامَةِ فَيَنْشُرُ عَلَيْهِ تِسْعَةً وَتِسْعِينَ سِجِلًّا كُلُّ سِجِلًّ مِثْلُ مَدَ الْبَصَرِ ثُمَّ يَقُولُ الْبَصَرِ ثُمَّ يَقُولُ الْبَصَرِ ثُمَّ يَقُولُ الْبَصَرَةُ فَيَقُولُ اللَّهُ فَاللَّهُ وَاللَّهُ و

) أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ)

"আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই। আরো সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল। আল্লাহ বলবেনঃ দেখ! তোমার আমল ওজন করা হবে। সে বলবেঃ হে আমার প্রভু! এতগুলো বিশাল ফাইল ভর্তি গুনাহু তুলনায় এই কার্ডটির কোন ওজনই হবেনা। আল্লাহ বলবেনঃ আজ তোমার উপর বিন্দুমাত্র জুলুম করা হবেনা। অতঃপর মান দন্ডের এক পাল্লায় রাখা হবে নিরানববইটি ফাইল এবং অপর পাল্লায় রাখা হবে শুধু মাত্র ঐ কার্ডটি। এবার ওজনের সময় তার গুনাহ ভর্তি নিরানববইটি ফাইলের পাল্লা হালকা হয়ে যাবে এবং লা-ইলাহা ইল্লাল্লার পাল্লা ভারী হয়ে যাবে। আল্লাহর নামের সাথে অন্য বস্তুর কোন ওজনই হবেনা"।[1] একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাহবীদেরকে বললেনঃ

(مِمَّ تَضْحَكُونَ قَالُوا يَا نَبِيَّ اللَّهِ مِنْ دِقَّةِ سَاقَيْهِ فَقَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَهُمَا أَثْقَلُ فِي الْمِيزَانِ مِنْ أُحُدٍ)
"তোমরা কি কারণে হাসছ? তারা বললেনঃ তাঁর (আব্দুল্লাহ্ ইবনে মাসউদের) পায়ের চিকন নলা দেখে। নবী
সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ ঐ সত্তার শপথ! যার হাতে আমার জীবন, এই নলা দু'টি মীযানের
পাল্লায় উহুদ পাহাড়ের চেয়েও ভারী হবে"।[2] নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ



(إِنَّهُ لَيَأْتِي الرَّجُلُ الْعَظِيمُ السَّمِينُ يَوْمَ الْقِيَامَةِ لاَ يَزِنُ عِنْدَ اللَّهِ جَنَاحَ بَعُوضَةٍ ،وَقَالَ: اقْرَءُوا فَلاَ نُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا)

"কিয়ামতের দিন মোটা তাজা ভারী বিশাল আকৃতির লোককে নিয়ে আসা হবে। কিন্তু আল্লাহর কাছে একটি মশার পাখার ন্যায়ও তার ওজন হবে না। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তোমরা কুরআনের এই আয়াতটি পাঠ করঃ

فَلاَ نُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا

"সুতরাং কিয়ামতের দিন আমি তাদের জন্য কোন পরিমাপ প্রতিষ্ঠিত করব না"। (সূরা কাহফঃ ১০৫)[3] এছাড়া এমর্মে আরো হাদীছ বিদ্যমান।

ফুটনোট

- [1] তিরমিয়ী, অধ্যায়ঃ কিতাবুল ঈমান, ইমাম আলবানী (রঃ) সহীহ বলেছেন। সিলসিলায়ে সাহীহা, হাদীছ নং-১৩৫।
- [2] মুসনাদে আহমাদ, (১/৪২০, ৪২১), হাকেম বলেনঃ হাদীছের সনদ সহীহ। ইমাম যাহাবী একমত পোষণ করেছেন। ইমাম আলবানীও হাদীছটিকে সহীহ বলেছেন। সিলসিলায়ে সহীহা, হাদীছ নং- ৩১৯২
- [3] বুখারী, অধ্যায়ঃ কিতাবৃত্ তাফসীর। মুসলিম, অধ্যায়ঃ সিফাতুল মুনাফিকীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11936

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন